# স্বালাতে মুবাশ্‌শির

বিভাগ/অধ্যায়ঃ নামাযের নিয়মাবলি

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

দুই সিজদার মাঝে বৈঠকের দুআ

اَللّٰهُمَّ اغْفِرْلِيْ وَارْحَمْنِيْ (وَاجْبُرْنِي وَارْفَعْنِيْ) وَاهْدِنِيْ وَعَافِنِيْ وَارْزُقْنِيْ

উচ্চারণ:- আল্লা-হুম্মাগফিরলী অরহামনী (অজবুরনী অরফা’নী) অহ্দিনী অ আ-ফিনী অরযুক্বনী।

অর্থ- হে আল্লাহ! আমাকে ক্ষমা কর, দয়া কর, (আমার প্রয়োজন মিটাও, আমাকে উঁচু কর), পথ দেখাও, নিরাপত্তা দাও এবং জীবিকা দান কর। (আবূদাঊদ, সুনান ৮৫০, তিরমিযী, সুনান ২৮৪, ইবনে মাজাহ্‌, সুনান ৮৯৮নং,হাকেম, মুস্তাদরাক)

কোন কোন বর্ণনায় উক্ত দুআর শুরুতে ‘আল্লাহুম্মা’র পরিবর্তে ‘রাব্বি ‘ ব্যবহার হয়েছে। (ইবনে মাজাহ্‌, সুনান ৮৯৮ নং)

رَبِّ اغْفِرْ لِيْ، رَبِّ اغْفِرْ لِيْ (রাব্বিগফিরলী, রাব্বিগফিরলী)

অর্থ- হে আমার প্রভু! আমাকে ক্ষমা কর, হে আমার প্রভু! আমাকে ক্ষমা কর। (আবূদাঊদ, সুনান ৮৭৪, ইবনে মাজাহ্‌, সুনান ৮৯৭নং)

উক্ত দুআ তিনি তাহাজ্জুদের নামাযে পড়তেন। অবশ্য ফরয নামাযেও পড়া চলে। কারণ, পার্থক্যের কোন দলীল নেই। (সিফাতু স্বালাতিন নাবী (ﷺ), আলবানী ১৫৩পৃ:)

প্রকাশ থাকে যে, এই বৈঠকে আঙ্গুল ইশারা করার হাদীস সহীহ নয়। (মুখালাফাত ফিত্বাহারাতি অসস্বালাহ্‌ ৮২পৃ:)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2903

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন